গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
http://baliadangi.thakurgoan.gov.bd

স্মারক নং: ০৫.৫৫.৯৪০৮.০০০.০০.০০১.২৬- ৯২৯ তারিখ : ১৬/০২/২০২৬ খ্রিঃ।

## বাংলা ১৪৩৩ সনের হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি নং- ১

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বালিয়াডাঙ্গী উপজেলাধীন নিম্নবর্ণিত হাট বাজারসমূহ ১৪৩৩ বাংলা সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসরের জন্য সরকারি নীতিমালা অনুযায়ী সিডিউলে বর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী দরদাতাগণের নিকট হতে সীলমোহরযুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র (সিডিউল ফরম) বিজ্ঞপ্তি প্রকাশের দিন হতে নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও এর স্থানীয় সরকার শাখা, উপজেলা ভূমি অফিস, বালিয়াডাঙ্গী, সোনালী ব্যাংক বালিয়াডাঙ্গী শাখা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে দরপত্র দাখিলের পূর্ব কার্যদিবস পর্যন্ত নগদ মূল্যে ক্রয় করা যাবে। দরপত্র নিমোক্ত তারিখ ও সময় সূচী অনুযায়ী সকাল ১০.০০ টা হতে দুপুর ০১.০০টা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও (এলজি শাখা), ও উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে। উল্লেখ্য ১ম দফায় যদি কোন হাট বাজারের দরপত্র গৃহীত হয় তবে ২য় দফায় উক্ত হাট/বাজার ইজারার তালিকা হতে বাদ যাবে। অনুরুপ ৩য় দফা পর্যন্ত একই নিয়ম প্রযোজ্য হবে। দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে এবং অত্রাফিসের ওয়েবসাইট baliadangi.thakurgoan.gov.bd ক্লিক করে বিস্তারিত তথ্যাদি জানা যাবে।

## দরপত্র ইজারা সংক্রান্ত তফসিল

| ক্র:নং | ইউনিয়নের নাম /হাটের অবস্থান | হাটের নাম | সরকারি মূল্য | সিডিউল মূল্য | ১ম বার | | ২য় বার | | ৩য় বার | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | দরপত্র গ্রহণের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র গ্রহণের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র গ্রহণের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ |
| | | | | | ০৫/০৩/২০২৬ | ০৮/০৩/২০২৬ বেলা-১.০০টা | ১২/০৩/২০২৬ | ১৫/০৩/২০২৬ বেলা-১.০০ টা | ২৯/০৩/২০২৬ | ৩১/০৩/২০২৬ বেলা-১.০০ টা |
| ০১ | পাড়িয়া | পাড়িয়া হাট | ৫৮,৭০০/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ০২ | চাড়োল | লাহিড়ী হাট | ১,১০,৮৬,৫৭৭/- | ২২,৮০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ০৩ | চাড়োল | দোগাছী হাট | ৯,১৩৪/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ০৪ | ধনতলা | খোচাবাড়ী হাট | ৯,৪৭৭/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ০৫ | বড়পলাশবাড়ী | মোড়ল হাট | ১৬,৯১৫/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ০৬ | বড়পলাশবাড়ী | কুশলডাঙ্গী হাট | ৫৬,৩২২/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ০৭ | বড়পলাশবাড়ী | বাদামবাড়ী হাট | ৪১,৪২৯/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ০৮ | দুওসুও | কালমেঘ হাট | ২৮,৫৩২/৩৭ | ৫০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ০৯ | ভানোর | হলদিবাড়ী হাট | ৭,৫৭৯/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ১০ | আমজানখোর | স্কুলের হাট | ২,৬৭,০৮৫/- | ১,২০০/-- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ১১ | আমজানখোর | হরিনমারী হাট | ৬৭,৯০২/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ১২ | আমজানখোর | কণ্ঠুর হাট | ৯,৪৯৬/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ১৩ | আমজানখোর | রাজার দিঘী ক্যাম্পের হাট | ২১,৩৭৭/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ১৪ | আমজানখোর | সুরমা হাট | ১,২৭২ | ৫০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ১৫ | বড়বাড়ী | বালিয়াডাঙ্গী চৌরাস্তা হাট | ৪,৫২,৪২৬/- | ১,৬০০/ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |

**শর্তাবলী :**

১। দরপত্রে অংশগ্রহণকারীকে দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসীলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দাখিল করতে হবে, যার ২৫% ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে।

২। প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে সর্বোর্চ্চ দর (যা কোন মতেই সরকারি মূল্য অপেক্ষা কম হবে না) গ্রহণ করা হবে। দুই বা ততোধিক দরদাতার দর সমান হয়ে সর্বোচ্চ বিবেচিত হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, তাঁকে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ইজারা মূল্যের অবশিষ্ট অর্থ এবং দাখিলকৃত দরের ১০% আয়কর ও ১৫% ভ্যাট নির্ধারিত ব্যাংক হিসাবে জমা করত: জমা স্লিপ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। অন্যথায় তার দরপত্রের সহিত হাট-বাজারের জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট / বাজারের নাম স্পষ্ট করে উল্লেখ করতে হবে। প্রত্যেক হাট/বাজারের জন্য পৃথক খাম ব্যবহার করতে হবে।

৫। সরকার অনুমোদিত টোল রেট অনুযায়ী টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে হাট/বাজারের দৃশ্যমান স্থানে এক/একাধিক টোল চার্ট স্থাপন করবেন।

৬। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। ইজারাদার কোনক্রমেই হাট-বাজারের কোন অংশ সাব-লিজ দিতে পারবেন না।

৭। ইজারাদার নিজ খরচে হাট/বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন এবং বাজারে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

৮। এক হাট/বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট/বাজারের জন্য ব্যবহার করা যাবে না। দরপত্রে কোন প্রকার ঘষামাজা, কাটাকাটি, লেখার উপর লেখা গ্রহণযোগ্য হবে না।

৯। উল্লিখিত শর্তাবলীর যে কোন এক বা একাধিক শর্ত ভঙ্গের কারণে কর্তৃপক্ষ হাট/বাজারের ইজারা বাতিল করতে পারবেন।

১০। প্রত্যেক পর্যায়ে দরপত্র দাখিলের পূর্ব কার্যদিবস পর্যন্ত অফিস চলাকালীন সময়ে দরপত্র (সিডিউল) ক্রয় করা যাবে। তবে কোন হাট/বাজারের দরপত্র অনুমোদিত হলে পরবর্তীতে উক্ত হাট/বাজারের সিডিউল বিক্রয় করা হবে না।

১১। কোন ক্রমেই দরপত্রের ফটোকপি গ্রহণযোগ্য হবে না।

১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

16.2.26

(অঞ্জন কুমার দাস)
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
ফোন: ০২৫৮৮৮৭৮৭৪১
Email-unobaliadangi @mopa gov.bd

স্মারক নং: ০৫.৫৫.৯৪০৮.০০০.০০.০০১.২৬- ৬২৯ (৩০) তারিখ : ১৬/০২/২০২৬ খ্রি:।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো : (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
২। পুলিশ সুপার, ঠাকুরগাঁও।
৩। উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৪। প্রশাসক, উপজেলা পরিষদ, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
৫। উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর/পীরগঞ্জ/রানীসংকৈল/হরিপুর,ঠাকুরগাঁও।
৬। প্রোগ্রামার, বিপিপিএ,আইএমইডি,পরিকল্পনা মন্ত্রণালয়,শের-ই-বাংলা নগর,আগারগাঁও, ঢাকা-১২০৭। তাকে বিজ্ঞপ্তিটি সিপিটিইউর ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৭। সহকারী কমিশনার (ভূমি), বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও সদর/পীরগঞ্জ/রানীসংকৈল/হরিপুর,ঠাকুরগাঁও।
৮। সহকারি প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও। তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৯। উপজেলা .....................................কর্মকর্তা, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও। তাঁকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
১০। সম্পাদক, দৈনিক......................................................। বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ০১ (এক) দিন (৯ × ৫) কলাম সাইজ) প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১১। চেয়ারম্যান ,.................................................................................... (সকল) ইউ পি, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও। বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নে অবস্থিত হাট বাজারে মাইক/ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য বলা হলো।
১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,..........................................................ইউনিয়ন ভূমি অফিস, তাঁকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৩। ইজারাদার...........................................................................হাট/বাজার,বালিয়াডাঙ্গী,ঠাকুরগাঁও। ।
১৪। অফিস নথি/নোটিশ বোর্ড।

16.2.26

(অঞ্জন কুমার দাস)
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
ফোন: ০২৫৮৮৮৭৮৭৪১
Email-unobaliadangi @mopa gov.bd